

মার্চ/২০২২ মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ মোঃ সোলায়মান বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঞ্জিপাড়া

সভার তারিখ ও সময়ঃ ১৫/০৩/২০২২, সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ পরিষদ "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঞ্জিপাড়া এর সভাপতিত্বে মার্চ/২০২২ মাসের মাসিক সমন্বয় সভা "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ব বর্তী মাসের কার্য বিবরণী সকলকে পাঠ্যরূপে শুনানো হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

উপজেলা প্রকৌশলীর কার্য লয় টুঞ্জিপাড়া

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>সভায় উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ২০২১-২০২২ অর্থ বছরের ১২টি প্যাকেজে ৪৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। যা ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়েছে। চলতি মাসেই দরপত্র লাটারি অনুষ্ঠিত হবে। সভায় তিনি আরও জানান যে, আগামী ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপিত হবে। এ উপলক্ষ্যে মাহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর সহ সরকারি উচ্চ পদস্থ কর্মকর্তাগণ টুঞ্জিপাড়া উপজেলায় আগমন করবেন এবং সরকারি উচ্চ পদস্থ অনেক কর্মকর্তা উপজেলা পরিষদ ভবনে অবস্থান করবেন। কিন্তু উপজেলা পরিষদ ভবনে কোন বজ্র নিরোধক নেই। উপজেলা পরিষদ ভবনে বজ্র নিরোধক স্থাপনের জন্য একটি প্রকল্প গ্রহণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। এবং উক্ত কাজের জন্য ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকা বরাদ্দের অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় তিনি আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-১৫৩, তারিখ- ১৫, মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ মোতাবেক টুঞ্জিপাড়া উপজেলায় হ্রদয়ে পিতৃভূমি প্রতিপাদ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে উপজেলা পরিষদের অনুকূলে ৩০,১৬,০০০.০০ (ত্রিশ লক্ষ ষোল হাজার) টাকা বরাদ্দ মঞ্জুর করেছেন। কিন্তু উক্ত কাজ সময় স্বল্পতার কারণে টেন্ডার আহবান বা কোটেশন আহবান করে বাস্তবায়ন করার পর্যাপ্ত সময় নেই। এমতাবস্থায়, উল্লেখিত বরাদ্দের বিপরীতে কাজগুলো বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করে সরাসরি ক্রয় (ডিরেক্ট পারচেজ মেথড, DPM) পদ্ধতিতে বাস্তবায়নের অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় তিনি আরও জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের (১) $Dc\ddot{R}j\ v\ mbe\ddot{R}x\ A\ddot{w}d\ddot{m}\ddot{t}\ i\ i\ e\ddot{w}f\ddot{e}\ddot{t}\ b\ i\ g\ddot{j}\ d\ddot{U}\ddot{K}\ M\ddot{w}\ddot{G}\ddot{w}\ddot{U}\ddot{f}\ a\ddot{g}\ m\ddot{b}\ddot{g}\ddot{R}\ b\ l\ c\ddot{K}\ddot{z}\ c\ddot{r}\ddot{t}\ o\ i\ N\ddot{r}\ddot{U}\ m\ddot{s}\ddot{v}\ i$ (২) $K\ddot{b}\ddot{c}\ddot{t}\ddot{i}\ \ddot{Y}\ i\ddot{a}\ddot{g}\ddot{i}\ R\ddot{b}$ (10cđ x 4 cđ) $m\ddot{w}\ddot{R}\ddot{U}\ddot{j}\ddot{v}\ddot{a}\ddot{b}\ddot{v}\ddot{c}\ddot{b}$ ০২টি কাজ সম্পন্ন হয়েছে এবং বিল প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>সিদ্ধান্তঃ (১) উপস্থাপিত প্রস্তাবগুলো সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে সভায় অনুমোদিত হয়।</p> <p>(২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২০২২ ও মুজিব বর্ষের সমাপনী অনুষ্ঠান যথাযথ মর্যাদায় জাঁকজমক পূর্ণ ভাবে পালনের লক্ষ্যে বরাদ্দের বিপরীতে কাজ বাস্তবায়নের জন্য নিম্নলিখিত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো।</p> <p>(১) জনাব সোফিদা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঞ্জিপাড়া-সভাপতি, (২) জনাব মোঃ ফয়সাল আহমেদ, উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া-সদস্য সচিব, (৩) জনাব মোঃ জামাল উদ্দিন, উপজেলা কৃষি অফিসার, টুঞ্জিপাড়া-সদস্য, (৪) জনাব মোঃ শাহ জালাল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টুঞ্জিপাড়া-সদস্য (৫) জনাব সাজেদুল হক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা টুঞ্জিপাড়া-সদস্য, (৬) জনাব মোঃ রাকিবুল ইসলাম, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, টুঞ্জিপাড়া-সদস্য (৭) জনাব প্রদীপ মজুমদার, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, টুঞ্জিপাড়া-সদস্য</p>	<p>১। উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া।</p>

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর কার্য লয়

সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঞ্জিপাড়া জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বেসিনসহ পানির উৎস স্থাপন প্রকল্পে ২৪টি কাজ চলমান রয়েছে। ওয়াশরুম নির্মাণে কাজে ১৪টি কাজ চলমান রয়েছে। ওয়াটার ড্রিটমেন্ট প্লান্ট স্থাপন প্রকল্পে পাটগাতি ১টি, কুশলী ১টি, বর্নি ১টি, গোপালপুর ১টি করে প্রত্যেকটি সাইট নির্বাচন কাজ চলমান রয়েছে। গভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য কম স্বাভাবিক ভাবে চলছে।		উপজেলা শিক্ষা অফিসার, টুঞ্জিপাড়া
---	--	-----------------------------------

উপজেলা শিক্ষা কর্ম কর্তার কার্য লয় টুঞ্জিপাড়া

সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঞ্জিপাড়া জানান যে, বিদ্যালয়ের নতুন রুটিন অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ের পাঠদান চলছে। সভায় তিনি আরও জানান যে, ১৭ মার্চ, ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জনদিন ও জাতীয় শিশু দিবস, ২০২২ উপলক্ষে বিদ্যালয়ের কোমল মতি শিশুদের মধ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---	উপজেলা শিক্ষা কর্ম কর্তা টুঞ্জিপাড়া।
--	-----	---------------------------------------

উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঞ্জিপাড়া জানান যে, ভিজিডি, মাতৃকালীন ভ্রাতাসহ অন্যান্য দাপ্তরিক স্বাভাবিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	--o--	উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা টুঞ্জিপাড়া
--	-------	--

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, মাধ্যমিক আন্তঃস্কুল পর্যায়ের শীতকালীন খেলাধুলা সুষ্ঠু ভাবে সম্পন্ন হয়েছে। উক্ত খেলায় সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ জানান। সভায় তিনি আরও জানান যে, স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয়গুলোর পাঠদান কার্য ক্রম যথারীতি চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে চলছে।	সিদ্ধান্তঃ শীতকালীন খেলাধুলা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মত ভাবে সভায় গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তা টুঞ্জিপাড়া
---	---	---

উপজেলা কৃষি কর্ম কর্তার কার্য লয় টুঞ্জিপাড়া

সভায় উপজেলা কৃষি কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, উপজেলাতে বর্তমানে সারের কোন সংকট নেই পর্যাপ্ত সার রয়েছে। কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---	উপজেলার কৃষি কর্ম কর্তা, টুঞ্জিপাড়া
---	-----	--------------------------------------

সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তার কার্য লয় টুঞ্জিপাড়া

সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় শামুক সংরক্ষণে উদ্বুদ্ধকরণ বিষয়ে ২ ব্যাচে ৪০ জন মৎস্যচাষী ও মৎস্যজীবীকে এবং দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ ব্যবস্থাপনা বিষয়ে ১ ব্যাচে ২০ জন মৎস্যচাষীসহ মোট ৬০ জন মৎস্যচাষী ও মৎস্যজীবীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বন্যাবাড়ী মৎস্য অভয়াশ্রম মেরামতের অংশ হিসেবে কচুরীপানা পরিষ্কারের জন্য শ্রমিক	---	সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তা টুঞ্জিপাড়া
--	-----	---

নিয়োগ করা হয়েছে। চলতি জাটকা সংরক্ষণ মৌসুমে জাটকা ক্রয়-বিক্রয় নিরুৎসাহিত করনে নিয়মিত বাজার পরিদর্শন ও প্রশিক্ষণ প্রদানের জন্য চিংড়ি চাষী ক্লাস্টার গঠন করা হয়েছে। ৩টি ক্লাস্টারে মোট ৭৫ জন চাষীকে নিয়ে সাধারণ সভা করা হয়েছে। আরও ৪টি ক্লাস্টার গঠনের কার্যক্রম চলমান আছে। দেশীয় প্রজাতির মাছ রক্ষায় অবৈধ জাল ধ্বংসে অভিযান অব্যাহত আছে এবং ক্ষতিকর চায়না জাল জব্দ করে পুড়িয়ে ফেলা হচ্ছে।		
---	--	--

উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, টুঞ্জিপাড়া জানান যে, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প এর আওতায় ১ জন সিইএ নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---0---	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা টুঞ্জিপাড়া
---	---------	---

উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, টুঞ্জিপাড়া জানান যে, পাট উৎপাদন চাষীদের মধ্য থেকে ১৫০জন পাট উৎপাদন চাষীর প্রশিক্ষণের তালিকা প্রস্তুত করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---0---	উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা টুঞ্জিপাড়া
--	---------	---

সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি এর কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, টুঞ্জিপাড়া জানান যে, ২০২১-২২ সেচ মৌসুমে ১৬টি এলএলপি স্কীমের সবগুলো স্কীম চালু হয়েছে। বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (৪র্থ পর্যায়) এর মাধ্যমে বারিড পাইপসহ ১টি ২ কউসেক এলএলপি স্কীমের নির্মাণ কাজ শুরু হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে।	---0---	সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি টুঞ্জিপাড়া
---	---------	--

উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা, টুঞ্জিপাড়া জানান যে, ক্যান্সার/কিডনী/লিভার সিরোসিস/স্ট্রোক প্যারালাইজড/জন্মগত হৃদরোগ/থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তার জন্য প্রাপ্ত আবেদন জেলায় প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---0---	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা টুঞ্জিপাড়া
--	---------	--

উপজেলা সমবায় কর্মকর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

সভায় উপজেলা সমবায় কর্মকর্তা, টুঞ্জিপাড়া জানান যে; দেশের বিভিন্ন স্থানে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বহুমুখী/মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ ও লোন কার্যক্রম পরিচালনা করছে। টুঞ্জিপাড়া উপজেলায় এ ধরনের কোন প্রতিষ্ঠান উপজেলা সমবায় কার্য লয়েরনজর এড়িয়ে কার্যক্রম পরিচালনা করে থাকলে, উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে; দুগ্ধ উন্নয়ন	----0----	১। উপজেলা সমবায় কর্মকর্তা টুঞ্জিপাড়া
---	-----------	--

<p>প্রকল্পের আওতায় এই উপজেলায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ০৩ (তিন) বছর মেয়াদী ১৩৭,৫০,০০০/= (এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সুদ বিহীন ঋণ দান করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত নুগ্ধ আদায়ের পরিমাণ- ৪৬৮১৪০০/= টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীনে উপজেলা সমবায় দপ্তর, টুঙ্গিপাড়া এর আওতায় নিবন্ধিত ০২টি সমিতিতে ৬৮ জন সদস্যকে ১১,১০,০০০/= টাকা ঋণ দান করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত আদায়- ৪৩৩৭০৬/=। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় নারী উন্নয়ন সমিতির ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মধ্যে ২,৪০,০০,০০০/= টাকা সুদ বিহীন ঋণ প্রদান করা ঋণ আদায়ের পরিমাণ- ১০০৬১৫০০/= টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য থানার মাধ্যমে নোটিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>		
---	--	--

উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তার কার্য লয়টুঙ্গিপাড়া

<p>সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, পি আরডিপি-০৩ প্রকল্পের আওতায় বর্তমানে ০৩টি ভিডিসি স্কীমের কাজ চলমান রয়েছে। অপ্রধান শস্য উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ কার্য ক্রম পরিচালনা করা হয়েছে। এখন পর্যন্ত চলতি বৎসরে এ বিষয়ে ৪০জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>		১। উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা টুঙ্গিপাড়া
---	--	--

উপজেলা যুব উন্নয়ন কর্ম কর্তার কার্য লয়টুঙ্গিপাড়া

<p>সভায় উপজেলা যুব উন্নয়ন কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, যুব প্রশিক্ষণ ও আত্মকর্ম সংস্থান কর্ম সূচীর মাধ্যমে চলতি বছর ১০ জন প্রশিক্ষিত যুবক ও যুব মহিলাদের মধ্যে ৬,২০,০০০/= (ছয় লক্ষ বিশ হাজার টাকা)মাত্র যুবঋণ বিতরণ করা হয়েছে। পরিবার ভিত্তিক কর্ম সংস্থান কর্ম সূচীর আওতায় গ্রুপ ও কেন্দ্র গঠনের মাধ্যমে ৮০ জন সদস্যদের মাঝে ৯,৬০,০০০/= (নয় লক্ষ ষাট হাজার) টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া ১৮ থেকে ৩৫ বছর বয়সী যুব ও যুব মহিলাদের মাঝে বিভিন্ন ট্রেডে ১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে অত্র দপ্তরের মাধ্যমে যুব সংগঠন নিবন্ধন কার্য ক্রম চলমান রয়েছে।এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রমসুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	---0---	১। উপজেলা যুব উন্নয়ন কর্ম কর্তার কার্য লয় টুঙ্গিপাড়া।
---	---------	--

ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সাব সেক্টর, টুঙ্গিপাড়া

<p>সভায় ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সাব সেক্টর, টুঙ্গিপাড়া জানান যে, ১৭ মার্চ,২০২২ জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জনদিন ও জাতীয় শিশু দিবস, ২০২২ উপলক্ষে হেলিপ্যাড, লোকজ মেলার মাঠ প্রাঙ্গনসহ গুরুত্বপূর্ণ স্থান সমূহের নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	---0---	ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সাব সেক্টর, টুঙ্গিপাড়া
--	---------	--

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্য লয় টুঞ্জিপাড়া

সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঞ্জিপাড়া জানান যে, বীজ ধান সংগ্রহের জন্য পারিবারিক সাইলো ড্রাম এসেছে। ড্রাম গুলো বিতরণের জন্য তালিকা প্রস্তুত করা প্রয়োজন। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	-----	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঞ্জিপাড়া
---	-------	---

বিবিধ

সভায় উপজেলা নির্বাহী অফিসার, টুঞ্জিপাড়া জানান যে, উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী জাতীয় দিবস উদ্‌যাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বাৎসরিক ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা ব্যয়ের নির্দেশনা আছে। তবে চলতি ২০২১-২০২২ অর্থ বৎসরে স্থানীয় সরকার বিভাগ উপজেলা- ২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩. ২২-১৪৬, তারিখ- ০৮, মার্চ ২০২২ খিষ্টাব্দ মোতাবেক ২৬ মার্চ, জাতীয় দিবস-২০২২ উদ্‌যাপনের জন্য অতিরিক্ত ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা ব্যয়ের নির্দেশনা প্রদান করেছেন। বিষয়টি সকলের অবগিতর জন্য সভায় উপস্থাপন করেন।	-----	উপজেলা নির্বাহী অফিসার, টুঞ্জিপাড়া
--	-------	--

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সোলায়মান বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২-২৯৭

তারিখঃ ১৫/০৩/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ১০। উপজেলা কর্ম কর্তা টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
- ১১। চেয়ারম্যান ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
- ১২। জনাব
- ১৩। অফিস কপি।


(এ.কে.এম. হেদায়েতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২